48

দৈনিক সংবাদ

তারিখ ... 29 MAY 1995

পৃষ্ঠা ৬ কলাম ৪

# মনোহরদী ঃ শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগ

মনোহরদী (নরসিংদী), ২৮শে মে (নিজস্ব সংবাদদাতা)।– মনোহরদী পাইলট হাইস্কুলে শিক্ষক নিয়োগে অনিয়মের আশ্রয় গ্রহণ করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। গত ৬ই এপ্রিল উক্ত হাইস্কুলে গণিতে পারদর্শী দু'জন বিএসসি শিক্ষকসহ কয়েকটি পদে শিক্ষক নিয়োগের জন্য একটি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। সে মোতাবেক গত ১২ই এপ্রিল স্কুলের প্রধান শিক্ষকের কক্ষে প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হয়। এতে নিয়মানুযায়ী কোন সরকারি প্রতিনিধি (টিইও) উপস্থিত ছিলেন না। এ ঘটনার প্রতিবাদে নিয়োগ কমিটির দু'সদস্য আবদুল খালেক ও চন্দনবাড়ী ইউপি চেয়ারম্যান আলফাজউদ্দিন আপত্তি জানিয়ে সাক্ষাৎকার বোর্ড থেকে চলে আসেন। পরবর্তীতে তড়িঘড়ি করে শিক্ষা জীবনে কখনও গণিত নিয়ে পড়াশোনা নেই– এমন প্রার্থীকে গণিত শিক্ষক হিসেবে নিয়োগ করা হয়। এ ব্যাপারে নিয়োগ কমিটির আপত্তিদানকারী দু'সদস্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের কাছে একটি লিখিত অভিযোগ পেশ করেন। তারা অবিলম্বে এ বিধি বহির্ভূত ও স্বজনপ্রীতির নিয়োগ বাতিল দাবি করেছেন।